

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

শিক্ষা নিয়ে গড়ব
দেশ, শেখ হাসিনার
বাংলাদেশ

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভার
কার্যবিবরণী।

সভাপতি মো: শাহাদাত হোসেন মজুমদার
পরিচালক
সভার তারিখ ২৭ ডিসেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ।
সভার সময় সকাল ১০:০০ মিনিট।
স্থান প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর পরিচালক মহোদয়ের অফিস কক্ষ (কক্ষ নং-২০৮)।
উপস্থিতি পরিশিষ্ট 'ক'।

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত ও নতুন বছর ২০১৯ এর শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন।

ক্র:	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	বিগত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ: সদস্য-সচিব জানান যে, গত ২৫ নভেম্বর, ২০১৮ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকলে তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা যেতে পারে।	গত ২৫ নভেম্বর, ২০১৮ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীতে কোনো সংশোধনী না থাকায় উপস্থিত সদস্যগণ তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করেন।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)

<p>২.২</p>	<p>উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ/কর্মশালা বিষয়ে আলোচনা:</p> <p>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও কমিটির সদস্য-সচিব উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত প্রশিক্ষণ ও কর্মশালা আয়োজন করার উপর গুরুত্বারোপ করলে সহকারী পরিচালক (উপবৃত্তি) এবং সহকারী পরিচালক (প্রশাসন) একমত পোষণ করেন।</p> <p>বর্তমান উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রসারিতকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে বলে সভাপতি অভিমত পোষণ করেন এবং সুবিধাজনক সময়ে প্রতি মাসে অন্তত একটি করে উক্ত বিষয়ের উপরে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে। সভায় উপস্থিত সকল সদস্য এ বিষয়ে সহমত পোষণ করেন।</p> <p>সভাপতি আরো অবহিত করেন যে, গত সভার সিদ্ধান্তের ন্যায় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর অভ্যন্তরীণ প্রশিক্ষণ/কর্মশালায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন) কে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যেতে পারে।</p>	<p>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর কর্মকর্তা-কর্মচারীদের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত বিষয়ের উপর সুবিধাজনক সময়ে প্রতি মাসে অন্তত একটি করে প্রশিক্ষণ আয়োজন করার উপর সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p>	<p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) এবং সহকারী পরিচালক ক (অর্থ ও হিসাব)</p>
<p>২.৩</p>	<p>বিবিধ:</p> <p>ক) সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, প্রতিষ্ঠানে ডিজিটাল হাজিরা মেশিন ও আধুনিক সিটিজেন চার্টার স্থাপন করা যেতে পারে।</p> <p>খ) প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এ কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের কাজের মূল্যায়নের ভিত্তিতে উদ্ভাবনী কর্মকান্ডে উৎসাহিতকরণের লক্ষ্যে পুরস্কৃত করার ব্যবস্থা অব্যাহত রাখা এবং অন্যান্য উদ্ভাবনী কার্যক্রম এর উপর গুরুত্বারোপ করে।</p>	<p>ক) আধুনিক সিটিজেন চার্টার স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</p> <p>খ) বছরে দু'বার (জুন ও ডিসেম্বর) ১ম ও ২য় শ্রেণি, ৩য় শ্রেণি ও ৪র্থ শ্রেণির কর্মকর্তা-কর্মচারীদেরকে ০১ (এক) টি করে মোট ০৩ (তিন) টি পুরস্কার প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ অব্যাহত রাখা।</p>	<p>সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/অর্থ ও হিসাব) এবং সহকারী প্রোগ্রামার</p>

৩.০ সভাপতি বিগত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতিতে সন্তোষ প্রকাশ করেন। আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিতির জন্য পুনরায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



মো: শাহাদাত হোসেন মজুমদার
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০২.১৮.১

তারিখ: ২০ পৌষ ১৪২৫
০৩ জানুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৩) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৪) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৫) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৬) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৭) সহকারী প্রোগ্রামার, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
- ৮) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট



মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ
সহকারী পরিচালক